বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, প্রশাসন বিভাগ, কুর্মিটোলা
বোর্ড ও সমন্বয় শাখা
www.caab.gov.bd

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি। |
| সভার স্থান | : | সদর দপ্তর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | : | ১২/১২/২০২২ খ্রিঃ। |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত। এছাড়া বিমানবন্দর ব্যবস্থাপকগণ অনলাইনে (Zoom) এর মাধ্যমে যুক্ত হন।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে পরিচালক (প্রশাসন) সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | কোনো সংশোধনী না থাকায় নভেম্বর/২০২২ মাসের কার্যবিবরণী অনুমোদন করা হলো। | | পরিচালক (প্রশাসন) |
| ২. | শূন্য পদ পূরণ | নিয়োগ বিধিমালা-২০২১ অনুযায়ী কর্তৃপক্ষের পদোন্নতি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে জানুয়ারি/২০২২ হতে এ পর্যন্ত ২০৩ (দুইশত তিন) জন কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং সরাসরি নিয়োগের মাধ্যমে ২১/০৯/২০২২ তারিখ পর্যন্ত ৯ম গ্রেডের ৩৩ জন এবং ১৪ থেকে ২০ গ্রেডের ৭৮৩ জন কর্মকর্তা-কর্মচারী যোগদান করেছেন। এছাড়া, গত ০৫/১২/২০২২ তারিখ ৬ষ্ঠ গ্রেডের ৩ জন, ৯ম গ্রেডের ৩৫ জন, ১০ম গ্রেডের ১০০ জন ও ১৩তম গ্রেডের ১২ জন কর্মকর্তার ফলাফল প্রকাশ করা হয়েছে, যাদের যোগদানের জন্য ০১/০১/২০২৩ তারিখ নির্ধারণ করা হলেও বিসিএস পরীক্ষার কারণে তারিখ পরিবর্তন করে ১৫/০১/২০২৩ তারিখ পুনরায় নির্ধারণ করা হয়েছে। পরিচালক (প্রশাসন) আরও জানান যে, কর্তৃপক্ষের অবশিষ্ট শূন্য পদের নিয়োগ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে কর্তৃপক্ষের নিয়োগ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। কতগুলো শূন্য পদ রয়েছে, কোন গুলো অগ্রাধিকার ভিত্তিতে আগে নিয়োগ দেয়া প্রয়োজন ইত্যাদি সকল কিছু যাচাই বাছাই শেষে নিয়োগ কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অচিরেই নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হবে। | (ক) যে সকল পদ চূড়ান্ত নিয়োগ দেয়া হয়নি সে সকল পদে আনুষ্ঠানিকতা সম্পাদনপূর্বক দ্রুত নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(খ) নিয়োগের জন্য সুপারিশকৃত পদের মধ্যে যে সকল পদে যোগদানের তারিখ ০১/০১/২৩ নির্ধারণ করা হয়েছিল অনিবার্য কারণের তা পরিবর্তন করে ১৫/০১/২৩ তারিখ পুনঃ নির্ধারণ করতে হবে।<br>(গ) নিয়োগ বিধিমালা-২০২১ অনুযায়ী অবশিষ্ট শূন্য পদে দ্রুত নিয়োগ কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩. | ওয়েবসাইট উন্নয়ন | ক) পরিচালক (সিএনএস) জানান যে, ওয়েবসাইট উন্নয়নের কার্যক্রম চলমান। যেসকল নতুন তথ্য পাওয়া যায় সেগুলো ওয়েবসাইটে আপডেট করে দেয়া হয়। ওয়েবসাইটে "ফটো গ্যালারী" নামক একটি উইন্ডো তৈরী করা হয়েছে যেখানে বিভিন্ন গুরুত্বপূর্ণ ইভেন্টের ছবিগুলো আপলোড করা হয়।<br>খ) পরিচালক (সিএনএস) জানান যে, রবি'র নিকট হতে নেয়া কর্পোরেট সিম ব্যবহারে যেন কোন সমস্যা না হয় সেজন্য রবি'র | ক) কর্তৃপক্ষের ওয়েবসাইট দৃষ্টিনন্দনের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। তাছাড়া ওয়েবসাইটে হশাআবি'র জন্য একটি কর্নার রাখতে হবে যেন সেবাগ্রহিতাগণ সকল প্রকার তথ্য জানতে পারে। | (ক)নির্বাহী পরিচালক (সেমস)/ পরিচালক (সিএনএস)/<br>(খ) সদস্য |

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। সিম ব্যবহারে অথবা নেটওয়ার্কজনিত কোনো সমস্যা পরিলক্ষিত হলে তা রবি কোম্পানীকে জানানো হলে কোম্পানী সেটি পর্যবেক্ষণপূর্বক দ্রুত সময়ের মধ্যে সমাধান করবে।<br>গ) পরিচালক (সিএনএস) জানান যে, কাওলা আবাসিক এলাকায় টাওয়ার বসানোর জন্য রবি ও CAAB এর পাঁচ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি ইতোমধ্যে কাওলার আবাসিক এলাকাসহ অন্যান্য স্থান পরিদর্শন করেছে এবং নেটওয়ার্কিং edotco Bangladesh co. Ltd রবি'র Antenna Tower বসানোর জন্য Drawing and Design জমা দিয়েছে। রবি সিম কোম্পানীর H6 বিল্ডিংয়ে এন্টেনা বসানোর জন্য কমিটি রিপোর্ট জমা দেয়া হয়েছে। পাশাপাশি গ্রামীন সিম কোম্পানী H7 বিল্ডিংয়ে Antenna Tower বসাতে চায়। পরিচালক (প্রশাসন) জানান যে, সংশ্লিষ্ট বিল্ডিং এ Antenna Tower স্থাপনের লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদনে উল্লেখিত হেলিপোট নির্মিত স্থানের কাছাকাছি হওয়ায় Tower স্থাপনের উচ্চতার বিষয়ে এটিএম বিভাগ হতে মতামত নেয়ার সুপারিশ করা হয়।</td><td>খ) রবি'র নিকট হতে নেয়া কর্পোরেট সিম ব্যবহারে যেন কোন সমস্যা না হয় সে জন্য রবি'র সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) হশাআবিতে রবি নেটওয়ার্ক সক্রিয়করণের জন্য কাওলার আ/এ মোবাইল টাওয়ার স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনের আলোকে এটিএম বিভাগে উচ্চতা সংক্রান্ত অনাপত্তির লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে।</td><td>(এটিএম)/ পরিচালক (এটিএম)/ পরিচালক (সিএনএস)<br><br>(গ) সদস্য(এটিএম)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/ পরিচালক (সিএনএস)/উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)।</td></tr>
<tr><td>৪.</td><td>প্রশিক্ষণ</td><td>(ক) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, নভেম্বর মাসে ২টি ব্যাচে ১১থেকে ১৯তম গ্রেডভুক্ত ৫০জন কর্মচারীকে বেসিক অফিস Basic Office Management Course প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২২-১২-২০২২খ্রিঃ এবং ৩১-১২-২০২২খ্রিঃ আরো ২টি ব্যাচে ১০০জনকে প্রশিক্ষণ দেয়া হলে নতুন কর্মচারীদের জন্য প্রশিক্ষণ সমাপ্ত হবে। বেসিক এটিসি কোর্সের ১ম ব্যাচ শেষ হলে বেসিক এটিসি কোর্সের ২য় ব্যাচ শুরু করা হবে। Basic Office Management Course সম্পন্ন করেছে ৫০জনের মধ্যে ২০ জনকে এভসেকের বেসিক কোর্স ১৮-১২-২০২২ তারিখ থেকে শুরু হবে এবং পরবর্তী ১সপ্তাহ পর আরো ২০জনকে এই কোর্সের অন্তর্ভুক্ত করা হবে। আশা ব্যক্ত করে বলেন, জানুয়ারী মাসের ফায়ার ট্রেডের বেসিক কোর্স শুরু করা যাবে। ৬টি বিভাগের কোর্স আপডেট করা হয়েছে। চেয়ারম্যান মহোদয় বলেন, মেজর কোনো Equipment আসলে তা Induction করার জন্য একটি Team গঠন করা হবে। Equipment সংক্রান্ত কার্যাবলী Induction Team সম্পাদন করবে এবং Equipment Warranty বাস্তবায়ন করবে।<br>(খ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়মিত বিভিন্ন মেয়াদে On the Job Training করানো হয়। এছাড়া, অন্যান্য বিমানবন্দরেও OJT কার্যক্রম চালু আছে।</td><td>ক) অনুমোদিত Course Plan এর কার্যক্রম টার্গেট অনুযায়ী সিএটিসি'র প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।<br><br>(খ) APA এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া, সকল বিমানবন্দরে নিয়মিত On the Job Training -এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর তথ্য প্রতি মাসের ১-৩ তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক সদর দপ্তরের প্রশাসন বিভাগে আবশ্যিক ভাবে প্রেরণ করতে হবে।<br><table><tr><th>দপ্তর/ ইউনিটের নাম</th><th>প্রশিক্ষণের বিষয়বস্তু</th><th>প্রশিক্ষণের সময়কাল</th><th>প্রশিক্ষণে উপস্থিতির সংখ্যা</th></tr><tr><td></td><td></td><td></td><td></td></tr></table></td><td>(ক)পরিচালক (সিএএ)<br><br>(খ)নির্বাহী পরিচালক (হশাআবি)/ নির্বাহী পরিচালক (সেমসু)/ পরিচালক (সকল)/ পরিচালক (সিএএ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td></td><td>কোর্ট মামলা</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৫.</td><td>বেবিচকের কোর্ট মামলা নিষ্পত্তি</td><td>ক) প্রশাসনিক মন্ত্রণালয়ে 'ছক' মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। নভেম্বর/২০২২ মাসের কোর্ট মামলার বিবরণী:<br><table><tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr><tr><td>অক্টোবর/২২ মাসের জের</td><td>২৯৮টি</td><td>--</td></tr><tr><td>নভেম্বর/২২ মাসে দায়ের</td><td>০৪টি</td><td>--</td></tr><tr><td>মোট মামলা</td><td>৩০২টি</td><td>--</td></tr><tr><td>নভেম্বর/২২ মাসে নিষ্পত্তি</td><td>০৫টি</td><td>--</td></tr><tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>২৯৭টি</td><td>--</td></tr><tr><td>মামলার রায় বিপক্ষে যাওয়ার কারণ</td><td>--</td><td>নভেম্বর/২০২২ মাসে কোনো মামলার রায় বেবিচকের বিপক্ষে যায়নি।</td></tr><tr><td>আপীল করা হয়েছে কিনা</td><td>--</td><td>যেহেতু কোনো মামলা বেবিচকের বিপক্ষে যায়নি সেহেতু আপিল করার প্রয়োজন হয়নি।</td></tr></table></td><td>ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) মামলা সংক্রান্ত বিষয়ে</td><td>পরিচালক (এটিএম)/ আইন কর্মকর্তা</td></tr>
</table>

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | খ) সদস্য (প্রশাসন) মহোদয় জানান যে, মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবীদের মতামতের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বিগত ১৫-১০-২০২২ তারিখে বিজ্ঞ আইনজীবীদের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যবিবরণী স্মারক নং- ৩০.৩১.০০০০.২৫১.১৫.১০৬.১৮.৩৭২০, তারিখ: ৩১/১০/২০২২ এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>গ) যে সকল মামলার রায় বেবিচকের বিপক্ষে গেছে সেগুলোর সার্টিফাইড কপি পাওয়ার পর যথাসময়ে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। | বিজ্ঞ আইনজীবীদের মতামত ও মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা করে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>গ) যে সকল মামলার রায় বেবিচকের বিপক্ষে গেছে তার সার্টিফাইড কপি পাওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যে আপিল করতে হবে। | |
| ৬. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) | ক) গত ০৪/১০/২০২২ তারিখে মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>খ) ২০২২-২৩ এর APA লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মন্ত্রণালয়ে থেকে পত্র প্রদান করা হয়েছে সে মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে কর্তৃপক্ষ সচেষ্ট আছে। এপিএ ২০২২-২৩ অন্তর্ভুক্ত ৫টি কার্যক্রম/লক্ষ্যমাত্রা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সংশোধন করা হয়েছে। | (ক) সংশ্লিষ্ট এপিএ-এর কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয় প্রেরণ করতে হবে।<br>(খ) APA তে ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বোচ্চ উদ্যোগ বজায় রাখতে হবে। | (ক ও খ) পরিচালক (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ এপিএ টিম প্রধান/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৭. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | (ক) গত ১২/১০/২০২২ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ে ফিডব্যাক সভা ৩০/১০/২০২২ তারিখ অনলাইনে আয়োজন করা হয়েছে যার অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে ৩১/১১/২০২২ তারিখ প্রেরণ করা হয়েছে। সভায় প্রধান প্রকৌশলী জানান যে, কাওলার আবাসিক এলাকায় একটি বিনোদন পার্ক করা হয়েছে। এটি শীঘ্রই প্রশাসন বিভাগের কাছে হস্তান্তর করা হবে। জাতীয় শুদ্ধাচারের অংশ হিসেবে বাচ্চাদের মেধাবিকাশের লক্ষ্যে পার্কের ভিতরের দেয়ালে বিভিন্ন বর্ণমালা, শিক্ষনীয় বার্তা, গুণীজনের সুন্দর লেখা দেয়ার প্রস্তাব দেন। এ প্রস্তাবের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ দেন। | (ক)শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) কাওলার আবাসিক এলাকায় নবনির্মিত বিনোদন পার্কের দেয়ালে লেখা সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক)পরিচালক (প্রশাসন)<br><br>(খ)সদস্য(প্রশাসন) /প্রধান প্রকৌশলী |
| ৮. | সিএএবি'র নাগরিক সেবায় উদ্ভাবনীমূলক কার্যক্রম ও ই-সার্ভিস বাস্তবায়ন কাজের অগ্রগতি | ক) পরিচালক(সিএনএস) বলেন, 'Digital Airport Services' এর কার্যক্রমের সকল কাজ সমাপ্ত করে ১৬ ডিসেম্বর/২০২২ তারিখ আনুষ্ঠানিকভাবে চালু করা সম্ভব হচ্ছে না তবে ডিসেম্বর/২২ শেষ হওয়ার পূর্বেই এ বছরের মধ্যে আনুষ্ঠানিকভাবে চালু করার সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে।<br><br>(খ) বেবিচক-এর ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত আছে। আগামী ৩১/১২/২০২২ তারিখে ৪র্থ শিল্প বিপ্লবের উপর সিভিল এভিয়েশন একাডেমীতে বিষয়ভিত্তিক কর্মশালার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ক) 'Digital Airport Services' এর সকল কার্যক্রম ডিসেম্বর/২০২২ এর মধ্যে শেষ করে আনুষ্ঠানিকভাবে চালু করতে হবে।<br><br>খ) ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক (হশাআবি/ পরিচালক (সিএনএস)/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৯. | অভিযোগ ও গণশুনানী | ক) অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির মাসিক প্রতিবেদন স্মারক নম্বর ৩০.৩১.০০০০.২১১.৩১.০১০.২২.১৫৫৫ তারিখঃ ০১/১২/২০২২ এর মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>খ) গত ০৫/০৯/২০২২ তারিখ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গণশুনানী ও ০৭/১১/২০২২ তারিখ স্টেক হোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, শাহ আমানত আন্তর্জাতিক | ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) প্রত্যেক বিমানবন্দর হতে প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি | নির্বাহী পরিচালক (হশাআবি)/পরিচালক (প্রশাসন)/পরিচালক (শাহ আমানত আন্তঃ বিমানবন্দর/পরিচাল ক(ওসমানী আন্ত বিমানবন্দর)/বিমান |

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>বিমানবন্দরে ২৭/০৯/২০২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা ও ২৯/০৯/২০২২ তারিখ গণশুনানী অনুষ্ঠিত হয়েছে এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ গত ১৫/০৬/২০২২ তারিখ গণশুনানী ও ১৮/০৯/২০২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়। কক্সবাজার বিমানবন্দরে ২৭/০৯/২২ তারিখ ও সৈয়দপুর বিমানবন্দরে ১৪/০৯/২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়।</td><td>স্টেকহোল্ডার সভা ও ১টি গণশুনানীর আয়োজন করতে হবে এবং গণশুনানীতে চেয়ারম্যানকে আমন্ত্রণ জানাতে হবে। গণশুনানীর ফিডব্যাক এর জন্য স্টেক হোল্ডারদের পত্র দিতে হবে।</td><td>বন্দর ব্যবস্থাপক (সকল)।</td></tr>
<tr><td>১০.</td><td>বিভাগীয় মামলা</td><td>ক) অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং নির্ধারিত ছক অনুযায়ী মামলাসমূহের তথ্য প্রেরণ অব্যাহত আছে। নভেম্বর/২০২২ মাসের বিভাগীয় মামলার বিবরণী:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>অক্টোবর/২০২২ মাসের জের</td><td>৩৪টি</td><td>--</td></tr>
<tr><td>নভেম্বর/২০২২ মাসে রুজুকৃত বিভাগীয় মামলার সংখ্যা</td><td>০২টি</td><td></td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৩৬টি</td><td>--</td></tr>
<tr><td>নভেম্বর/২০২২ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>০০টি</td><td></td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>৩৬টি</td><td>--</td></tr>
</table>
৬ মাস বা তদুর্ধ্ব পেন্ডিং মামলার বিবরণ:
<table>
<tr><td>অনুর্ধ্ব ৬ মাস পেন্ডিং মামলা</td><td>১০টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ১ বছর পেন্ডিং মামলা</td><td>০৫টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ২ বছর পেন্ডিং মামলা</td><td>১১টি</td><td>--</td></tr>
<tr><td>২ বছর উর্ধ্বে পেন্ডিং মামলা</td><td>১০টি</td><td>--</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৩৬টি</td><td>--</td></tr>
</table>
(খ) দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন বিভাগীয় মামলাসহ সকল বিভাগীয় মামলা নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে তালিকা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>
গ) যে সকল তদন্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে বিভাগীয় মামলা তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেনি, দ্রুত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন দেওয়ার জন্য বারংবার তাগিদ পত্র দেওয়া হচ্ছে।</td><td>(ক) অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
(গ) তদন্ত কর্মকর্তাগণকে নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে বিভাগীয় মামলা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)/ আইন কর্মকর্তা।</td></tr>
<tr><td>১১.</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি</td><td>ক) ছক মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। নভেম্বর/২০২২ মাসের অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>টাকা (লক্ষ)</th></tr>
<tr><td>অক্টোবর/২০২২ মাসের জের</td><td>১১০৮</td><td>১৪৭০১৪৯.৭৬</td></tr>
<tr><td>নভেম্বর/২০২২ মাসে আগত</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>মোট আপত্তি</td><td>১১০৮</td><td>১৪৭০১৪৯.৭৬</td></tr>
<tr><td>নভেম্বর/২০২২ মাসে নিষ্পত্তি</td><td>০৮</td><td>১৭২.৯৬</td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>১১০০</td><td>১৪৬৯৯৭৬.৮০</td></tr>
<tr><td>অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>০২</td><td>১২০৯৮.৯৭</td></tr>
</table>
খ) পরিচালক (অর্থ) জানান যে, দ্রুত সময়ের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। নভেম্বর মাসের ২টি ত্রিপক্ষীয় সভায় মোট ১৭টি আপত্তি নিয়ে আলোচনা হয় তন্মধ্যে ১১টি আপত্তি নিষ্পত্তির জন্য সম্মত হয়েছে। দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে কর্তৃপক্ষের যোগাযোগ অব্যাহত আছে। অনিষ্পন্ন অন্যান্য আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য নিয়মিত ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানসহ ও এবং স্বল্প সময়ের ব্যবধানে ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানের ব্যবস্থা নেওয়া হচ্ছে।<br>
গ) পরিচালক (অর্থ) জানান যে, সদস্য (অর্থ) এর সভাপতিত্বে গঠিত কমিটির মাধ্যমে ৩০টি কার্যপত্র তৈরী করে কেন্দ্রীয় অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ৩০টি কার্যপত্রের মধ্যে ১৭টি কার্যপত্রের অলোকে</td><td>ক) অডিট আপত্তির বিষয়ে ছক মোতাবেক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>
খ) আপত্তিসমূহ সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>
গ) প্রতিমাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সদস্য (অর্থ)/ পরিচালক (অর্থ)/উপ-পরিচালক (অডিট)।</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>ইতোমধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় অডিট অধিদপ্তরের সাথে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন করার নিমিত্ত যোগাযোগ অব্যাহত আছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১২.</td><td>হশাআবি'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালতের কার্যক্রম</td><td>বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট জানান যে, ম্যাজিষ্ট্রেটগণ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করছে। যাত্রীদের স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে। হশাআবি নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত নভেম্বর/২০২২ মাসের প্রতিবেদন নিম্নরূপ:
<table>
<tr><th>ম্যাজিস্ট্রেট এর নাম</th><th>কোর্ট মামলা</th><th>আসামীর সংখ্যা</th><th>আদায়কৃত অর্থের পরিমাণ</th><th>কারাদন্ড</th></tr>
<tr><td>জনাব মোঃ নাজমুল ইসলাম সরকার</td><td>১৫টি</td><td>২৬ জন</td><td>১,৪৩,০০০/-</td><td>১০ জন</td></tr>
<tr><td>জনাব মোঃ মাসুম রেজা</td><td>৪৬টি</td><td>৫৮ জন</td><td>২,২৮,৩০০/-</td><td>০৯ জন</td></tr>
<tr><td>জনাব মোঃ আজিজুর রহমান</td><td>৪০টি</td><td>৪৮ জন</td><td>৪,৯২,০০০/-</td><td>০৮ জন</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>১০১টি</td><td>১৩২ জন</td><td>৮,৬৩,৩০০/-</td><td>২৭ জন</td></tr>
</table></td><td>হশাআবি'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের কার্যক্রমের মাসিক প্রতিবেদন ছক মোতাবেক সদর দপ্তর ও পরিচালক, হশাআবি'কে প্রেরণ করতে হবে।</td><td>বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট হশাআবি</td></tr>
<tr><td>১৩</td><td>বিমান ও অন্যান্য এয়ারলাইন্সের নিকট সিএবি'র বকেয়া পাওনা</td><td>(ক) বিভিন্ন দেশীয় এয়ারলাইন্স-কে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে পত্র প্রেরণ অব্যাহত রয়েছে।<br><br>(খ) বকেয়া পাওনা আদায়ে এয়ারলাইন্সগুলোর সাথে নিয়মিত সভা করা হচ্ছে। তাছাড়া, ২৬টি বিদেশী এয়ারলাইন্সের কাছে পাওনাদির বিষয়ে চিঠি দেওয়া হয়েছে। সভাপতি জানান যে, ইউএস বাংলা এয়ারলাইন্স প্রফিট করায় তাদের বকেয়া পাওনা দ্রুত পরিশোধের জন্য পত্র দিতে হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ অন্যান্য এয়ারলাইন্সের নিকট জুন/২০২২ পর্যন্ত বকেয়া রাজস্ব পাওনার পরিমাণ নিম্নরূপ:
<table>
<tr><th rowspan="2">এয়ারলাইন্সের নাম</th><th colspan="2">এপ্রিল/২০২২</th><th colspan="2">মে/২০২২</th><th colspan="2">জুন/২০২২</th><th rowspan="2">মোট (মূল-বিল, ভ্যাট, আয়কর, সারচার্জসহ)</th></tr>
<tr><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th></tr>
<tr><td>বিমান বাংলাদেশ</td><td>১৬২১৬৪৩৫২.২০</td><td>১১০৫১৪২২৩.৮৮</td><td>১৬৮৩৯০৭৪৬.৩০</td><td>৯৯১৪৭৬৭৮.০৪</td><td>৭৫,১০৮,১৯৫.৭৭</td><td>৪৩৭,০৫৮,৪১৩.৩০</td><td>৮০,৮০৮,৭৬৭,৬১২.৮৬</td></tr>
<tr><td>রিজেন্ট</td><td>০.০০</td><td>০.০০</td><td></td><td></td><td>-</td><td>-</td><td>৩,১৯০,৬২২,৭৩৩.০৬</td></tr>
<tr><td>নভো এয়ার</td><td>৪২৮৮৬১০৯.৮৬</td><td>৬০৩৬৮৯৭.০০</td><td>৪৬৬১২৫০১.৪৬</td><td>৭৮৫৯৩৯৮.০০</td><td>১১,৩৪৭,৭৬৩.২১</td><td>৮,৫০৫,২৯২.০০</td><td>১০০,০৪০,০৫৬.০১</td></tr>
<tr><td>ইউএস বাংলা</td><td>১৫৮৬৪৮১৭.৩৩</td><td>৮৮৬০৫২৪০.৮০</td><td>১৮৮৯৭৯২৭.৮৯</td><td>৮৪৮৬৩৯৬৭.০০</td><td>৮৭,২১৫,৪৩০.০৭</td><td>৯১,০২৩,৫০৬.৪১</td><td>-</td></tr>
<tr><td>ইউনাইটেড এয়ার</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td>-</td><td>-</td><td>২,১০০,৭৮৪,৮১৭.৭২</td></tr>
<tr><td>জিএমজি</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td></td><td>-</td><td>-</td><td>২,০৪৯,৮৯৫,৭৪৭.১৮</td></tr>
<tr><td>মোট</td><td>২২০৯১৫২৭৯.৩৯</td><td>২০৫১৫৬৩৬১.৬৮</td><td>২৩৩৯০১১৭৫.৬৫</td><td>১৯১৮৭১০৪৩.০৪</td><td>১৭৩,৬৭১,৩৮৯.০৫</td><td>৫৩৬,৫৮৭,২১১.৭১</td><td>৮৮,২৫০,১১০,৯৬৬.৮৩</td></tr>
</table>
<br>গ) পরিচালক (অর্থ) জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সাথে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নিয়মিত সভা করা হচ্ছে। বিমানের বকেয়া পাওনাদি আদায়ের বিষয়ে প্রত্যেক বিমানবন্দর ব্যবস্থাপকগণ আলাদাভাবে বিমানকে নিয়মিতভাবে পত্র প্রেরণ করছে। বিমানবন্দরগুলো হতে প্রাপ্ত পত্রের আলোকে বিমানের সকল বকেয়া পাওনাদির বিষয়ে সারসংক্ষেপ আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।</td><td>ক) বিভিন্ন এয়ারলাইন্সের কাছে (বিদেশী এয়ারলাইন্সসহ) সিএবি'র বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নির্দিষ্ট সময় পর পর পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) সকল এয়ারলাইন্স এর প্রতিনিধিবৃন্দের সাথে বকেয়া পাওনার বিষয়ে পৃথক সভার আয়োজন করতে হবে। বিদেশী এয়ারলাইন্সসহ বকেয়া পাওনা আদায়ের অগ্রগতি জানাতে হবে।<br><br>(গ) বিমান বাংলাদেশ এয়ার লাইন্স এর বকেয়া পাওনার বিষয়ে প্রত্যেক বিমানবন্দরের ব্যবস্থাপক কর্তৃক আলাদাভাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কে যে পত্র দেওয়া হয় তার কপিসমূহ একত্রিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>সদস্য (অর্থ)/ পরিচালক(অর্থ)/ পরিচালক (এটিএম)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।<br><br>পরিচালক(অর্থ)/ পরিচালক (এটিএম) পরিচালক (অর্থ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td>১৪.</td><td>২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন</td><td>উপ-পরিচালক (পরিকল্পনা) জানান যে, গত সপ্তাহে ১০০ কোডের সম্পাদিত কাজের তালিকা অধিকাংশ দপ্তর হতে পাওয়া গেছে। আগামী সপ্তাহের যাচাই বাছাই কাজ সম্পন্ন করা হবে। ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবার পর তা ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা</td><td>২০২৩-২৪ অর্থবছরে APP প্রণয়নের কাজের অগ্রগতি পরবর্তী সভায় জানাতে হবে।</td><td>সদস্য(সকল)/ প্রধান প্রকৌশলী/ পরিচালক (সকল)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)/সংশ্লিষ্ট কমিটি</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>হয়েছে। APP অনুযায়ী সকল ক্রয় কাজ সম্পাদন করা হচ্ছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৫.</td><td>ই-ফাইলিং কার্যক্রমের মাধ্যমে নথি নিষ্পত্তি কার্যক্রম বাস্তবায়ন</td><td>(ক) প্রত্যেক বিভাগের সংশ্লিষ্ট শাখায় ই-ফাইলিং ব্যবহারকারীগণকে ডাক ও নথি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিদিন ই-নথিতে লগইন করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, সিভিল এভিয়েশন একাডেমিতে নতুন কোর্স প্লান অনুযায়ী ই-ফাইলিং এর উপর ট্রেনিং করানো হবে। এছাড়া, অভ্যন্তরীণ ট্রেনিং এ ই-ফাইলিং এর উপর ট্রেনিং কোর্স চালু করা যেতে পারে।<br><br>(গ) ই-গভর্ন্যান্সের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তরের অধিকাংশ কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল দপ্তর/বিভাগীয় প্রধান সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে। ই-ফাইলিং কার্যক্রমের নভেম্বর/২০২২ মাসের নিষ্পত্তির হার ৮৭%। সভাপতি এ ই-নথি নিষ্পন্নের হার উন্নতির জন্য নির্দেশনা প্রদান করেন।<br>কর্তৃপক্ষের ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ নভেম্বর- ৩০ নভেম্বর, ২০২২):<br>
<table>
<tr><th>নথির সংখ্যা</th><th>ডাক সৃজিত নোটে নিষ্পত্তি</th><th>নোটে নিষ্পত্তি</th><th>পত্র জারিতে নিষ্পন্ন নোট</th><th>মোট</th><th>মোট পত্রজারি</th></tr>
<tr><td>২৯৪</td><td>২১১</td><td>৮৩৩</td><td>১১২৪</td><td>২২১৮</td><td>১৮৯৯</td></tr>
</table>
</td><td>(ক) প্রত্যেক বিভাগের সংশ্লিষ্ট শাখায় ই-ফাইলিং ব্যবহারকারীগণ কে ডাক ও নথি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিদিন ই-নথি লগইন করতে হবে এবং ই-নথির সমন্বয়কারীকে সকল দপ্তরে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) সিএটিসি ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্স-এ নথি উপস্থাপনকারীদের ই-নথির উপর প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে।<br><br>(গ) এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তরের অধিকাংশ কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সকল দপ্তর/ বিভাগীয় প্রধানকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>(ক) তত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ই-ফাইলিং ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br><br>(খ) পরিচালক (সিএটিসি)<br><br>(গ) সকল বিভাগীয় দপ্তর প্রধান</td></tr>
<tr><td></td><td>বিবিধ-ক হশাআবি'র এভসেক বিভাগের কার্যক্রম উপস্থাপন।</td><td>নির্বাহী পরিচালক হশাআবি জানান যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নভেম্বর/২০২২ মাসের এভসেক বিভাগের কার্যক্রম নিম্নরুপ:<br>
<table>
<tr><th>ঘটনার ধরণ/প্রকৃতি</th><th>তারিখ ও সময়</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারের ঘটনা</td><td>২৯ নভেম্বর ২২ ২১১৫ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হইতে অবৈধভাবে ১১(এগারো) রাউন্ড বুলেটের হেড উদ্ধার।</td><td>অভিযুক্ত যাত্রীসহ ১১(এগারো) রাউন্ড বুলেটের হেড অফিসার ইনচার্জ, বিমানবন্দর থানা ডিএমপি, ঢাকা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>বৈদেশিক মুদ্রা উদ্ধার</td><td>২২ নভেম্বর ২২ ১৮০০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হতে ২২,১৮,০৬৩/- (বাই লক্ষ আঠার হাজার তেষট্টি টাকা) সমপরিমাণে বৈদেশিক মুদ্রা উদ্ধার।</td><td>যাত্রীর নিকট হতে ২২,১৮,০৬৩/- (বাই লক্ষ আঠার হাজার তেষট্টি টাকা) সমপরিমাণে বৈদেশিক মুদ্রা কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td rowspan="2">ঘুষ প্রতিরোধ</td><td>১৯ নভেম্বর ২২ ২০৫৫ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হতে অবৈধভাবে ৩০০০/- (তিন হাজার টাকা) গ্রহণ।</td><td>অভিযুক্ত এএসজি মোঃ কাইয়ুম হাওলাদার এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।</td></tr>
<tr><td>২৬ নভেম্বর ২২ ০৮০০ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হতে অবৈধভাবে ১০০০/- (এক হাজার টাকা) গ্রহণ।</td><td>অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।</td></tr>
</table>
</td><td>হশাআবির এভসেক শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং এভসেকের কার্যক্রম মাস শেষে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক (হশাআবি)</td></tr>
<tr><td></td><td>বিবিধ-খ বিমান কর্তৃক বেবিচক এর জমি ব্যবহার</td><td>ক) উপ-পরিচালক(সম্পত্তি ব্যবস্থাপনা) বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বিভিন্ন বিমানবন্দর ভিত্তিক কতোটুকু জমি ব্যবহার করা হয় সেটির সার্ভে কার্যক্রম শেষে রিপোর্ট জমা দেওয়া হয়েছে। হশাআবি'র যৌথ সার্ভে কার্য রিপোর্টে ০৩টি আপত্তিসহ বিমানের প্রতিনিধির স্বাক্ষর পাওয়া গিয়েছে। হশাআবিতে নির্মিত ৩য় টার্মিনের জন্য অনেক যায়গা প্রয়োজন হওয়ার কিছু বিষয় ছাড়াও অন্যান্য বিমানবন্দরে বিমান কর্তৃক অতিরিক্ত জমি ব্যবহারের বিষয়ে বেবিচক ও বিমানের উর্ধ্বতন কর্মকর্তাগণের যৌথভাবে বসে সিদ্ধান্ত নিতে হবে। বিমানের পরবর্তী কার্যক্রম</td><td>(ক) যৌথ সার্ভে রিপোর্ট অনুযায়ী বিমান বাংলাদেশ এয়ার লাইন্স কর্তৃক অতিরিক্ত জায়গা অবৈধভাবে ব্যবহারের বিষয়ে উভয় পক্ষের উপস্থিতিতে সভা আয়োজনের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (এটিএম) /উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা</td></tr>
</table>

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জানানো হবে।<br><br>(খ) সভায় আলোচনা হয় যে, যে সকল বিষয়ে সিএএবি কর্তৃপক্ষের সাথে বিমান একমত পোষণ করেন সে বিষয়ে পরিচালক (প্রশাসন) ও পরিচালক (এটিএম) এর আওতাভুক্ত অংশ সমুহ উভয় পক্ষের উপস্থিতিতে বিমানের সাথে দ্রুত চুক্তিপত্র স্বাক্ষরের কার্যক্রম গ্রহণ করতে হবে। | (খ) উভয় পক্ষের উপস্থিতিতে বিমানের সাথে দ্রুত চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। | পরিচালক (এটিএম) /উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা |
| | | (গ) হশাআবিতে নির্মীয়মান ৩য় টার্মিনালের ট্রাফিক প্ল্যান এর প্রেজেন্টেশন দেওয়া হয়েছে এবং মাষ্টার প্ল্যানের নকশা করা হয়েছে। এছাড়া, ৩য় টার্মিনালের ট্রাফিক প্ল্যান ও মাষ্টার প্ল্যানের নকশা চূড়ান্ত করে RAB ও APBN কে কর্তৃপক্ষের কর্ম পরিকল্পনা জানিয়ে দেওয়া হবে। পরিচালক (প্রশাসন) জানান যে, মাষ্টার প্লান অনুযায়ী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে RAB এর সাথে সভা করা হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহনের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হয়েছে। | (গ) RAB কর্তৃক ব্যবহৃত বরাদ্দের অতিরিক্ত জায়গা উদ্ধারের জন্য থার্ড টার্মিনালের পরিপূর্ণ মাষ্টারপ্লান/ নকশা (ওয়ার হাউজ ও এপ্রোচ রোডসহ) অনুযায়ী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে RAB এর সাথে সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী/ উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) |
| | বিবিধ- গ অকেজো বিমান অপসারণ | পরিচালক (ফায়ার) জানান যে, উড়োজাহাজগুলো উড্ডয়ণ উপযোগী কিনা তা যাচাই করার এ বিষয়ে গঠিত কমিটি কতৃর্ক Technical assessment করে রিপোর্ট প্রদান করছে। এ বিষয়ে নিলাম কমিটির সদস্য নির্বাহী পরিচালক (হশাআবি) সহ কমিটির অন্যান্য সদস্যগণ দ্রুত সময়ের মধ্যে একটি সভার আয়োজন করে সার্ভে কমিটি গঠনসহ নিলামের অন্যান্য কার্য সম্পাদন করা হবে। | আলোচ্য উড়োজাহাজ সমূহ উড্ডয়ণের উপযোগী কিনা তা যাচাই করার জন্য গঠিত কমিটি কর্তৃক রিপোর্ট প্রদান করায় সার্ভে কার্য সম্পাদনসহ দ্রুত সময়ের মধ্যে নিলামের পরবর্তী কার্য সম্পাদন করতে হবে। | সদস্য (পরিঃওপরিঃ)/ সদস্য (এফএসআর)/ পরিচালক (এইএলডি) |
| | | **প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ** | | |
| ১। | Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software for CAAB on Turnkey basis. | ঙ) Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের জন্য EOI আহ্বান করা হয়। ১৬টি প্রতিষ্ঠান হতে EOI পাওয়া যায়। প্রতিষ্ঠানগুলোর আনুষাঙ্গিক কাগজপত্র যাচাই-বাছাই করে ৬টি প্রতিষ্ঠানের সঠিকতা পাওয়া গেছে। পূর্ববর্তী ঠিকাদার প্রতিষ্ঠান এএসএল সিস্টেম লিঃ কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে মামলা থাকার কারনে বর্তমানে নতুন ঠিকাদার নিয়োগ কার্যক্রম বিলম্বিত হচ্ছে। মামলাটির শুনানীর জন্য ১৪/১২/২০২২ তারিখ দিন ধার্য করা হয়েছে। | চ) Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | সদস্য (এফএসআর)/ নির্বাহী পরিচালক (সেমসু) |
| ২। | নতুন পাস পলিসি (Airport Pass Policy 2020) অনুযায়ী নিরাপত্তা পাস প্রবর্তন কার্যক্রম | ছ.১) বিমানবন্দরে নতুন পাস পলিসি অনুযায়ী পাস প্রদানের জন্য AVSEC ID Portal এবং অন্যান্য Access Control Equipment প্রস্তুত রয়েছে। নতুন Avsec ID বাস্তবায়নের নিমিত্ত প্রাথমিকভাবে ৪৫০জন DAS/ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে বিভিন্ন এয়ারলাইন্স এবং বেবিচকের ২টি গ্রুপকে ইতোমধ্যে DAS প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও Avsec ID Portal পরিচালনা ও মেইনটেইন্সের জন এভসেক ও সিএনএস বিভাগের ৪০জন ও ২০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br><br>ছ.২) বিমানবন্দরে নতুন পাস পলিসি অনুযায়ী পাস প্রদানের জন্য AVSEC ID Portal এবং অন্যান্য Access Control Equipment প্রস্তুত রয়েছে যা ২০/১২/২০২২ খ্রিঃ প্রশাসনিক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনে হবে। পাস ইস্যু/প্রদানের সাথে সংশ্লিষ্ট সবাইকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ছ.১) বিমানবন্দরে ব্যবহারের জন্য নতুনভাবে প্রণীত পাস পলিসি বাস্তবায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়াও পাস প্রদানের বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>ছ.২) নতুনভাবে প্রণীত পাস ইস্যুর ক্ষেত্রে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের বিষয়ে বেবিচক ব্যবস্থা গ্রহণ করবে। | সদস্য(নিরাপত্তা) |

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ইজারার বকেয়া অর্থ আদায় | সরকারী প্রতিষ্ঠান ব্যতীত অধিকাংশ প্রতিষ্ঠান ইজারার বকেয়া অর্থ পরিশোধ করেছে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ কাস্টমস এর মতো কিছু সরকারি সংস্থা ইজারার বকেয়া অর্থ পরিশোধ করছে না। সরকারী যে সকল প্রতিষ্ঠান বকেয়া পরিশোধ করছে না তাদের হালনাগাদ তথ্য ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পুনঃপুন তাগিদপত্র দেওয়া হচ্ছে। | জ) ইজারার বকেয়া অর্থ আদায়ের ক্ষেত্রে সরকারি সংস্থাসমূহের সাথে আলোচনা অব্যাহত রাখতে হবে এবং পুনরায় তাগিদপত্র প্রদান করতে হবে। | পরিচালক(প্রশাসন)/ উপ-পরিচালক(এটিএম) |
| ৪। | ড্রোনউড্ডয়ন নীতিমালা প্রণয়ন | জ) প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ নীতিমালায় অন্তর্ভুক্ত করে ড্রোন নিবন্ধন ও উড্ডয়ন খসড়া নীতিমালা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হবে। | জ) ড্রোন উড্ডয়ন নীতিমালা দ্রুত প্রণয়নের নিমিত্ত একটি খসড়া নীতিমালা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। একইসাথে এ বিষয়ে শীঘ্রই একটি সভা আহ্বান করতে হবে। | পরিচালক (এফএসআর) |
| ৫। | হেলিপ্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন | ঞ) ১৪/১২/২০২২ তারিখ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা পাওয়া গিয়েছে। তার পরিপ্রেক্ষিতে "হেলিপোর্ট স্থাপন ও পরিচালনা বিধিমালা,২০২২" এবং এলিভেটেড হেলিপ্যাড নীতিমালা,২০২২" প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়ে পুনরায় প্রেরণ করা হবে। | ঞ) এলিভেটেড হেলিপ্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা এবং ডিপিপি প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে। | ,, |
| ৬। | সংস্থাসমূহের আইন/ প্রবিধানমালা /সাংগঠনিক কাঠামো প্রণয়ন ও হালনাগাদ করণ (বেবিচকর সংশ্লিষ্ট আইন ও বিধি প্রণয়ন) | ক)বেসামরিক বিমান চলাচল আইন,২০১৭ এর বিধির খসড়া ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এর উপর মন্ত্রণালয়ে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। আরও সভা করে তা চূড়ান্ত করা হবে।<br><br>খ) সিভিল এভিয়েশন একাডেমির পরিচালকের সভাপতিত্বে কর্তৃপক্ষ কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | **ক)** বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর বিধি প্রণয়নের কার্যক্রম দ্রুত নিস্পত্তি করতে হবে।<br><br>খ) বেবিচক'র কর্মকর্তা/কর্মচারিগণের দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের জন্য নীতিমালার খসড়া সংশোধন করে বেবিচক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সদস্য (এফএসআর)/ সদস্য (প্রশাসন)/ পরিচালক, সিভিল এভিয়েশন একাডেমী |
| ৭। | "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা বিধিমালা" | খ) পরিচালক (এফএসআর) বলেন, "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা বিধিমালা" এর খসড়া পুনঃপরীক্ষা করতঃ নীতিমালাটি সংশোধন করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক তা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তাদের সাথে যোগাযোগ করা হচ্ছে। | **খ) "**বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা তদন্ত বিধিমালা**"** প্রণয়ণের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সদস্য(এফএসআর) |
| ৮। | "এভিয়েশন নীতিমালা" | গ) পরিচালক (এফএসআর) বলেন, "বেসামরিক বিমান চলাচল নীতি"-র প্রাথমিক খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে নিয়ে মন্ত্রণালয়ে নিয়মিত সভার আয়োজন করা হবে। | **গ)** সময় নির্ধারণপূর্বক জাতীয় "বেসামরিক বিমান চলাচল নীতি"-র খসড়া প্রণয়ন কার্যক্রম দ্রুত নিস্পত্তি করতে হবে। | সদস্য(এফএসআর) |
| ৯। | সংস্থাসমূহের বেদখলকৃত জমি সংক্রান্ত | খ) ঠাকুরগাঁও বিমানবন্দরের জমিগুলো কর্তৃপক্ষের নিকট আনায়নের কার্যক্রম নেওয়া হচ্ছে। মাঠপর্চায় ডিপি ক্ষতিয়ানের জরিপ কার্যক্রম চলমান থাকায় ৪২(ক) বিধি মোতাবেক মিসকেস রুজ্জু করতঃ জোনাল সেটেলমেন্ট অফিসার দিনাজপুর জোন, দিনাজপুর কার্যালয়ে উভয় পক্ষের শুনানীর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, কক্সবাজার বিমানবন্দরের বেদখলকৃত জমি উদ্ধারের নিমিত্ত উচ্ছেদ অভিযান আংশিক পরিচালিত হয়েছে।<br><br>ঘ) ব্রিটিশ আমলে নির্মিত তৎকালিন বিমানবন্দরসমূহের জায়গাগুলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সংশ্লিষ্ট Act অনুযায়ী উল্লেখিত জমিসমূহ কর্তৃপক্ষের অনুকূলে বরাদ্দ দেয়ার জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পত্র দেওয়া হয়েছে। | খ) প্রতিমাসের সমন্বয় সভায় বেবিচক ১/২ টি জেলার জমির তথ্য উপস্থাপন করতে হবে। একইসাথে বেদখলকৃত জমির ডাটাবেজ প্রস্তুত এবং বেদখলকৃত জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>ঘ) ব্রিটিশ আমলে নির্মিত বিমানবন্দরসমূহের জায়গাগুলো বেবিচক'র নামে আনয়নের বিষয়ে বেবিচক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিচালক (এটিএম)/উপ-পরিচালক (সম্পত্তি) |

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ঙ) বেবিচকের অধিগ্রহণকৃত হশাআবি এলাকায় RAB ও APBN কর্তৃক অতিরিক্ত জমি দখলে থাকায় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে কর্তৃপক্ষের চেয়ারম্যান এর সভাপতিত্বে সভা হয়। সভার সিদ্ধান্ত মতে অতিরিক্ত দখলকৃত জায়গায় বেবিচকের তৃতীয় টার্মিনালের ওয়ার হাউজ নির্মাণের নিমিত্ত উক্ত জমি RAB এবং APBN-কে জরুরী ভিত্তিতে বেবিচকের নিকট হস্তান্তরের জন্য নির্দেশনা প্রদান করে পত্রও দেওয়া হয়েছে কিন্তু এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি।<br>চ) ঢাকাসহ দেশের অন্যান্য বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বরাদ্দকৃত জমির অতিরিক্ত জমি পরিমাপ করার জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সিএএবি কর্তৃক ডিজিটাল সার্ভে কার্য সম্পাদন করা হয়েছে। হশাআবিতে নির্মিত ৩য় টার্মিনালের জন্য অনেক জায়গার প্রয়োজন হওয়ায় কিছু বিষয়ে বেবিচক ও বিমানের উর্ধ্বতন কর্মকর্তাগণ যৌথভাবে বসে সিদ্ধান্ত নিতে হবে। উল্লেখ্য যে, বিমান কর্তৃক দাবিকৃত আশকোনার জায়গার লিজ এর মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে। কর্তৃপক্ষের প্রয়োজনে জায়গাটি জরুরী ভিত্তিতে দখলমুক্ত করা আবশ্যক। আরও উল্লেখ্য যে, লিজ নেওয়া ভুমি লিজ শেষ হওয়ার পরও নানা অজুহাতে দখলে রাখা কোন ভাবেই কাম্য নয়। | ঙ) বিভিন্ন সংস্থা কর্তৃক অবৈধভাবে দখলকৃত জমি দখল/প্রাপ্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(চ) বেবিচক ও বিমান যৌথভাবে বসে লাউঞ্জের ভাড়াসহ যাবতীয় বকেয়া এবং আশকোনার জায়গাসহ সকল জায়গার বিষয় মীমাংসা করবেন এবং এবিষয়ে গৃহিত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | |
| ১০। | বিমানবন্দরে মশা নিধন কার্যক্রম | হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দরে মশক নিধন করার জন্য রুটিন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে নিয়মিত অবহিত করা হচ্ছে। বিমানবন্দরের অভ্যন্তর এলাকায় খাল, পুকুর , ডোবা, নালা জায়গা সমূহকে যথাযথভাবে পরিস্কার করা হচ্ছে। বিমানবন্দরের এয়ার ও ল্যান্ড সাইডের বিভিন্ন খাল ও পুকুরে মশার লার্ভা নিধনকারী গাপ্পিমাছ অবমুক্ত করা হয়েছে। বিমানবন্দরের ভিতরে ও বাহিরে নিয়মিত মশার ঔষধ (লার্ভিসাইড, মলোথিয়ান, ল্যাম্বাডা সাইহ্যলোথ্রিন (রীভা) ২.৫ ইসি) এর মাধ্যমে ইনসাইড স্প্রে ও ফগিং র্কাযক্রম অব্যহত রয়েছে। এয়ারপোর্টের বিভিন্ন স্থানে মস্কিউটো ট্রাপ স্থাপন করা হয়েছে। সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহৃত মস্কিউটো ট্রেপিং মেশিন বিমানবন্দরে পরীক্ষামূলক ব্যবহারের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। একইসাথে বিমানবন্দর এরিয়া নিয়মিতভাবে পরিদর্শন করা হচ্ছে এবং পরিদর্শনকৃত স্থান ছবিসহ বিষয়টি মনিটরিং করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়কে অবহিত করা হবে। | বিমানবন্দরে মশক নিধনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহৃত মস্কিউটো ট্রেপিং মেশিন বিমানবন্দরে ব্যবহার করা যায় কিনা এবিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। একইসাথে বিমানবন্দর এরিয়া নিয়মিতভাবে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শনকৃত স্থান ছবিসহ বিষয়টি মনিটরিং করা হচ্ছে মর্মে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়কে অবহিত করতে হবে। | পরিচালক(হশাআবি) |
| ১১। | মহান বিজয় দিবস- ২০২২ উদযাপন | "মহান বিজয় দিবস-২০২২" উদযাপন উপলক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে সিএএবি কর্তৃক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। আগামী ১৫ ডিসেম্বর সিভিল এভিয়েশন একাডেমীতে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। ১৬ ডিসেম্বর সিএএবি, সদর দপ্তরসহ সকল বিভাগ/ইউনিট/বিমানবন্দরসমূহে জাতীয় পতাকা উত্তোলিত হবে, সিএএবির আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করা হবে, সিএএবির সদর দপ্তর ও বিভিন্ন বিমানবন্দরসমূহে ০১ দিনের জন্য আলোকসজ্জা করা হবে, সিএএবির আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং সিভিল এভিয়েশন একাডেমী জামে মসজিদে বাদ আছর শহীদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে। | মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক(প্রশাসন) |
| ১২। | বিমানবন্দরে EDS, Scanner সহ অন্যান্য যন্ত্রপাতি অপারেশন সংক্রান্ত। | বর্তমানে ৩টি ভালভাবে সচল রয়েছে। ১টি EDS অকেজো রয়েছে। আরও ৩টি নতুন যুক্ত হওয়ার অপেক্ষায় রয়েছে। উক্ত ০৩টি EDS সরবরাহের নিমিত্ত নভেম্বর/২০২২ মাসের ৯ থেকে ১১ তারিখ Factory ভিজিট সম্পন্ন হয়েছে। আশা করা যায় আগামী বছরের শুরুতে EDS সরবরাহ পাওয়া যাবে। | EDS সংগ্রহের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং রপ্তানি কার্গো টার্মিনালের EDS, Scanner-সহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতির অপারেশনের বিষয়টি মন্ত্রণালয়েকে অবহিত করতে হবে। | পরিচালক (সিএনএস) |

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩। | শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের জমি সংক্রান্ত | শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অ্যাপ্রোচ লাইটিংএর জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)- এর মালিকানাধীন ২.৮৫ একর জমি বেবিচক'র অনুকূলে হস্তান্তর করার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-এর সাথে আলোচনা অব্যাহত আছে। | শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অ্যাপ্রোচ লাইটিং-এর জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-এর মালিকানাধীন ২.৮৫ একর জমি বেবিচক'র অনুকূলে হস্তান্তর করার জন্য চবক-এর সাথে আলোচনা অব্যাহত রাখতে হবে। | সদস্য (প্রশাসন) |
| ১৪। | বিবিধ | (ঘ) প্রস্তাবিত জায়গা বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট জমি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | (ঘ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংগ্রহ করে এ বিষয়ে ইতোপূর্ব গৃহীত কার্যক্রমের সাথে সমন্বয়পূর্বক অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) একটি প্রতিবেদন তৈরি করবেন। একইসাথে প্রস্তাবিত জায়গা বরাদ্দের বিষয়ে বেবিচক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সদস্য (প্রশাসন) |

২.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি,বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.১৫.০০৭.২১- ৫৩১২ তারিখ: ২৬/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. সদস্য ................................................ (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩. নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৪. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
০৫. পরিচালক ..................................................................(সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৬. পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৭. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ সহ)।
০৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৯. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০. উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা/অডিট/গণসংযোগ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১. চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. জনাব জান্নাতুল ফেরদৌস, সহকারী পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৩. বিমানবন্দর ব্যবস্থাপক.........................................(সকল)।

( মোঃ জহিরুল ইসলাম )
পরিচালক (প্রশাসন)
সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
ফোন-৮৯০১৪১২